

বেতন ও পেনশন নির্ধারণ সহায়িকা-৮৫৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ
প্রবিধি শাখা-১

নং-অম/অবি/বিধি-১/তপি-২০/৯৫/১০৩

তারিখঃ ২৩-৭-২০০১ ইং
৮-৪-১৪০৮ বাং

বিষয়ঃ বিধবা স্ত্রীগণের আজীবন পেনশন প্রাপ্তি সংক্রান্ত।

সূত্রঃ অর্থ বিভাগ এর স্মারক নং-অম/অবি/বিধি-১/তপি-২০/৯৫/৯৩(২০০)

তাং-৩০/৯/১৯৯৫ইং

যে সকল বিধবা স্ত্রীগণের পারিবারিক পেনশন ভোগের মেয়াদ ১/৬/১৯৯৪ তারিখের পূর্বে সমাপ্ত হয়েছে তাদেরকে আজীবন পেনশন প্রদানের সুযোগ সূত্রোস্থ স্মারকে প্রদান করা হয়েছে। পর্যালোচনায় দেখা যায়, এ সুযোগটি অনির্দিষ্টকাল পর্যন্ত প্রচলিত থাকলে এর অপব্যবহারের প্রবণতা সৃষ্টি হতে পারে।

২। বিষয়টি পর্যালোচনাক্রমে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, ১/৬/১৯৯৪ তারিখের পূর্বে তৎকালীন প্রচলিত বিধান অনুযায়ী যে সকল বিধবা স্ত্রীদের পারিবারিক পেনশন ভোগের সময় সীমা (১৫ বৎসর) উত্তীর্ণ হয়েছে এবং তাঁদের মধ্যে যারা এখনও পর্যন্ত সূত্রোস্থ স্মারক অনুযায়ী আজীবন পেনশন প্রাপ্তির জন্য আবেদন করেননি, আগামী ৩১/৭/২০০১ইং তারিখের পর তাঁদের আর পারিবারিক পেনশন প্রাপ্তির জন্য আবেদন করার সুযোগ থাকবে না এবং উক্ত তারিখের পর এ ধরনের আবেদনের ক্ষেত্রে পারিবারিক পেনশন মঞ্জুর করাও যাবে না।

৩। সূত্রোস্থ স্মারকখানি এই মর্মে সংশোধিত হয়েছে বলে গন্য হবে।

স্বাক্ষরিত/-

(মোঃ শামসুজ্জোহা)

যুগ্ম-সচিব (বাস্তবায়ন ও প্রবিধি)

সৎ কাজে আল্লাহ ভীতির ব্যাপারে তোমরা পরস্পর সহযোগিতা কর।-আল কোরআন